রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারী ৩০, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-১ শাখা

## আদেশ

তারিখ, ১৭ মাঘ ১৪১১/ ৩০ জানুয়ারী ২০০৫

এস, আর, ও নং ২৩-আইন/২০০৫।—Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার আমদানি নীতি আদেশ, ২০০৩—২০০৬ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশ এর—

(ক) ষষ্ঠ অধ্যায়ের "বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানির বিধানাবলী" অংশের অনুচ্ছেদ ২৬.২৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ২৬.২৯, ২৬.৩০, ২৬.৩১, ২৬.৩২, ২৬.৩৩, ২৬.৩৪, ২৬.৩৫, ২৬.৩৬, ২৬.৩৭ ও ২৬.৩৮ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"২৬.২৯ **মুরগীর বাচ্চা**—প্যারেন্ট স্টক এবং গ্রান্ড প্যারেন্ট স্টক ব্যতীত মুরগীর বাচ্চা আমদানি নিষিদ্ধ। কেবলমাত্র প্যারেন্ট স্টক এন্ড গ্রান্ড প্যারেন্ট স্টক এর এক দিনের মুরগীর বাচ্চা আমদানি করা যাইবে এবং আমদানিতব্য বাচ্চা সংক্রামক ব্যাধিমুক্ত ও প্যারেন্ট ও প্যারেন্ট স্টক/গ্রান্ড প্যারেন্ট স্টক এই মর্মে রপ্তানীকারক দেশের পশু সম্পদ বিভাগের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সনদপত্র থাকিতে হইবে। তাহাছাড়া আমদানিকারক-কে অবশ্যই ঋণপত্র প্রতিষ্ঠার সময় তাহার হ্যাচারী বা ব্রীডার ফার্ম রহিয়াছে এই মর্মে পশু সম্পদ অধিদপ্তরের পরিচালক/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র ব্যাংকে প্রদর্শন করিতে হইবে।

২৬.৩০ **গবাদি পশুর হিমায়িত সীমেন**—ফ্রিজিয়ান, ফ্রিজিয়ান ক্রস, শাহিওয়াল, শাহিওয়াল ক্রস, ফ্রিজিয়ান শাহিওয়াল ক্রস, এএফএস, এএফএস ক্রস জাতের গবাদি পশুর হিমায়িত সীমেন (ডিপ ফ্রোজেন সীমেন) আমদানি নিষিদ্ধ। তবে ফ্রিজিয়ান, ফ্রিজিয়ান ক্রস, শাহিওয়াল, শাহিওয়াল ক্রস, ফ্রিজিয়ান শাহিওয়াল ক্রস, এএফএস, এএফএস ক্রসজাতের গবাদি পশুর হিমায়িত সীমেন (ডিপ ফ্রোজেন সীমেন) আমদানি করা যাইবে। উক্ত সীমেনের জাত এবং উহা সংক্রামক ও যৌনব্যাধিমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের পশু সম্পদ বিভাগের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সনদপত্র থাকিতে হইবে।

২৬.৩১ **খাওয়ার গুড়**—সরকার কর্তৃক ধার্যকৃত নির্দিষ্ট শর্ত পূরণ করিয়া যথাসময়ে নির্ধারিত পদ্ধতিতে সীমিত পরিমাণের খাওয়ার গুড় আমদানিযোগ্য হইবে।

২৬.৩২ **ইথানল (ইথাইল এ্যালকোহল)**—ইথানল (ইথাইল এ্যালকোহল) এনালার গ্রেড (আনডিনেচার্ড) ব্যতীত সকল পণ্য আমদানি নিষিদ্ধ। তবে কেবল ইথানল (ইথাইল এ্যালকোহল) এনালার গ্রেড (আনডিনেচার্ড) স্বীকৃত ঔষধ শিল্প কর্তৃক পরিচালক, ঔষধ প্রশাসনের অনুমতি ও নির্ধারিত শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য।

২৬.৩৩ **সাউন্ড ট্রাকসহ অথবা ব্যতীত চলচ্চিত্র**—(১) ইংরেজী ভাষায় প্রস্তুতকৃত কোন প্রকার সাব-টাইটেল ব্যতিরেকে এবং অন্যান্য ভাষায় প্রস্তুতকৃত ছায়াছবি (উপ-মহাদেশের ভাষায় প্রস্তুতকৃত ছায়াছবি ব্যতীত) বাংলা অথবা ইংরেজী সাব-টাইটেলসহ আমদানি করা যাইবে।

(২) উপ-মহাদেশীয় ভাষায় প্রস্তুতকৃত কোন ছায়াছবি (সাবটাইটেলসহ বা সাব-টাইটেল ব্যতীত) আমদানি করা যাইবে না। তবে এফডিসি এর সুনির্দিষ্ট সুপারিশের ভিত্তিতে যৌথ প্রযোজনায় তৈয়ারী ছায়াছবির প্রিন্ট নেগেটিভ আমদানি বা রপ্তানির জন্য প্রয়োজন অনুসারে আমদানি বা রপ্তানি পারমিট প্রদান করা যাইবে।

(৩) ছায়াছবি আমদানি সেন্সর বিধি সাপেক্ষে হইবে।

২৬.৩৪ **পুরাতন/রিকন্ডিশন ইঞ্জিন ও গিয়ার বক্স**—(১) বাস, ট্রাক, কার, মিনিবাস ও মাইক্রোবাসের পুরাতন/রিকন্ডিশন ইঞ্জিন ও গিয়ার বক্স পাঁচ বৎসরের অধিক পুরাতন হইলে তাহা আমদানিযোগ্য বলিয়া গণ্য হইবে না। এই ক্ষেত্রে রপ্তানিকারক দেশের শিল্প ও বণিক সমিতি অথবা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ারের নিকট হইতে বয়সসীমার প্রত্যয়নপত্র উল্লিখিত পণ্যাদি খালাসের সময় শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(২) কোষ্টার, লঞ্চ, স্বয়ং চালিত বার্জ এবং এই ধরনের অন্যান্য জলযানে ব্যবহার্য ৩৫ (পঁয়ত্রিশ) অশ্বশক্তির অধিক শক্তিসম্পন্ন সেকেন্ডহ্যান্ড/ রিকন্ডিশন্ড/মেরিন ডিজেল ইঞ্জিন বাণিজ্যিক ভিত্তিতে আমদানিযোগ্য।

২৬.৩৫ **টেলিযোগাযোগ ব্যবস্থার যন্ত্রপাতি**—পোষাক মন্ত্রণালয়ের ছাড়পত্রের ভিত্তিতে রেডিও বাংলাদেশ এবং বাংলাদেশ টেলিভিশন কর্তৃক রেডিও ট্রান্সমিটার ও ট্রান্সরিসিভার ওয়্যারলেস ইকুইপমেন্ট, ওয়াকিটকি এবং সাউন্ড রেকর্ডার বা রিপ্রডিউসারসহ অন্যান্য রেডিও ব্রডকাষ্ট রিসিভার আমদানিযোগ্য। সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের ছাড়পত্র এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অনাপত্তির ভিত্তিতে অন্যান্য সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃকও আমদানিযোগ্য। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অনাপত্তির ভিত্তিতে কেবলমাত্র টেলিযোগাযোগ ব্যবস্থার যন্ত্রপাতি বেসরকারী খাতেও আমদানিযোগ্য।

২৬.৩৬ **রেডিও নেভিগেশনাল এইড এ্যাপারেটাস, রাডার এ্যাপারেটাস এবং রেডিও রিমোট কন্ট্রোল এ্যাপারেটাস**—রেডিও নেভিগেশনাল এইড এ্যাপারেটাস, রাডার এ্যাপারেটাস এবং রেডিও রিমোট কন্ট্রোল এ্যাপারেটাস পোষক মন্ত্রণালয়ের ছাড়পত্রের ভিত্তিতে ব্যবহারকারী এজেন্সী কর্তৃক আমদানিযোগ্য।

২৬.৩৭ **ট্যাংক এবং সাঁজোয়া যান**—ট্যাংক এবং সাঁজোয়াযানসহ সকল পণ্য প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক আমদানিযোগ্য।

২৬.৩৮ **সমরাস্ত্রসহ সকল পণ্য**—সমরাস্ত্রসহ সকল পণ্য প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক আমদানিযোগ্য।

(খ) পরিশিষ্ট-১ এর "নিয়ন্ত্রিত পণ্যের তালিকা" এর কলাম ১-এ উল্লিখিত এইচ এস হেডিং নম্বর ০১.০৩, এইচ এস হেডিং নম্বর ০১.০৫, এইচ এস হেডিং নম্বর ০২.০৯, এইচ এস হেডিং নম্বর ০৪.০৭, এইচ এস হেডিং নম্বর ০৫.০২, এইচ এস হেডিং নম্বর ০৫.১১, এইচ এস হেডিং নম্বর ১৪.০৪, এইচ এস হেডিং নম্বর ১৫.০১, এইচ এস হেডিং নম্বর ১৫.০৩, এইচ এস হেডিং নম্বর ১৭.০১, এইচ এস হেডিং নম্বর ২২.০৭, এইচ এস হেডিং নম্বর ৩৭.০৬, এইচ এস হেডিং নম্বর ৫১.০২ হইতে ৫১.০৫, এইচ এস হেডিং নম্বর ৫১.০৮, এইচ এস হেডিং নম্বর ৫১.০৯, এইচ এস হেডিং নম্বর ৮৪.০৭, এইচ এস হেডিং নম্বর ৮৪.০৮, এইচ এস হেডিং নম্বর ৮৫.২৫, এইচ এস হেডিং নম্বর ৮৫.২৬, এইচ এস হেডিং নম্বর ৮৭.১০, এইচ এস হেডিং নম্বর ৯৩.০১ এবং উহাদের বিপরীতে কলাম ২ ও কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে ; এবং

(গ) পরিশিষ্ট-১ এর "আমদানি নিয়ন্ত্রিত পণ্য তালিকার ফুট নোট" এর—

(অ) ক্রমিক নং-১.৭ এর শেষে সেমিকোলন এর পর উল্লিখিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে ;

(আ) ক্রমিক নং-১.৮ এর পর নিম্নরূপ ক্রমিক নং-১.৯ ও ১.১০ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"১.৯ জীবিত শুকর এবং শুকরজাত সকল ধরনের পণ্য ; এবং

১.১০ সকল প্রকার ডিম।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সামাদ
উপ-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।